

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাতিসংঘ-৪ অধিশাখা
www.erd.gov.bd

শ্রেস বিজ্ঞপ্তি

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) কারিগরি ও আর্থিক (অনুদান) সহায়তায় ১৯ জুলাই ২০২৩ খ্রিঃ
তারিখ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং FAO এর মধ্যে তিন (০৩) টি প্রকল্প চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্পগুলো কৃষি
ও পরিবেশ খাতের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নে অবদান রাখবে। প্রকল্পসমূহ নিম্নরূপঃ

- (i) Enabling inclusive and effective blended investment in agri-food systems in the context of the Hand in Hand Initiative (HIH (Regional project));
- (ii) Innovative approaches for better plant production (Global project); এবং
- (iii) Scaling-up climate actions to enhance Nationally Determined Contributions and climate and livestock (Global project).

বাংলাদেশ সরকার পক্ষে মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং
FAO এর পক্ষে Mr. Robert Douglas Simpson, FAO Representative in Bangladesh প্রকল্প-
দলিল স্বাক্ষর করেন। প্রথম দুটি প্রকল্প ফসল উপর্যুক্ত এবং তৃতীয় প্রকল্পটি প্রাণিসম্পদ উপর্যুক্ত হতে
ক্ষতিকর গ্যাস নিঃসরণ নির্ণয়ে কারিগরি সহায়তা প্রদান করবে। ফসল উপর্যুক্তের দুটি প্রকল্প কৃষি মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ
উপর্যুক্তের প্রকল্পটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত হবে।

১৯৭৩ সাল হতে এ পর্যন্ত FAO কর্তৃক বাংলাদেশে ৪০০ টি প্রকল্পে কারিগরি গ্রান্ট সহায়তা প্রদান করা
হয়েছে যা বৃহত্তর কৃষিখাতসহ (ফসল, মৎস্য ও প্রাণিসম্পদ), পরিবেশ ও অন্যান্য সংশ্লিষ্ট খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ
ভূমিকা পালন করছে। সংস্থাটি আন্তর্জাতিক পর্যায়ে বৃহত্তর কৃষি খাতে আধুনিক পদ্ধতির প্রচলন, উত্তম-অনুশীলন
ইত্যাদির স্থানান্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

আলোচ্য প্রকল্পসমূহ কৃষি খাতে অষ্টম-পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ঠ এর বিভিন্ন লক্ষ্য
অর্জনে সহায়তা করবে। বাংলাদেশের সাথে FAO এর কান্ট্রি প্রোগ্রামিং ফ্রেমওয়ার্ক ২০২২-২০২৬ এর আওতায় এ
সহায়তা প্রদান করা হচ্ছে যেখানে মূলতঃ অধিকতর কৃষি উৎপাদন, অধিকতর পুষ্টি, পরিবেশগত উন্নয়ন ও
উন্নততর জীবনযাত্রার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

19.07.2023

বিধান বড়াল
উপ সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Cell No: 01712903630